



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



স্মারক: ৭জি-০৮(ক-৩)/অংশ-১/০৯/৬০২৬/৬

তারিখ: ০৬/১২/২০২৩খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মোঃ আমিনুল হক সহকারী অধ্যাপক(আইসিটি) কর্তৃক ফেসবুকে নতুন কারিকুলাম বিষয়ক প্রশিক্ষণ সম্পর্কে মিথ্যা পোস্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন কাজী নজরুল ইসলাম কলেজের সহকারী অধ্যাপক(আইসিটি) জনাব মোঃ আমিনুল হক কর্তৃক তার নিজের ফেসবুক আইডি থেকে “শিক্ষকদের নতুন কারিকুলাম বিষয়ক প্রশিক্ষণ! প্যাক! প্যাক! প্যাক! আল্লাহ বাচাইছে ভাই” শিরোনামে নতুন কারিকুলামের বিরুদ্ধে মিথ্যাচারমূলক পোস্ট শেয়ার করা হয়েছে। উক্ত পোস্টটি ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এর ষষ্ঠ অধ্যায়ের অপরাধ ও দণ্ড বিষয়ক ধারা ২৫ এর উপধারা ১(খ) মোতাবেক অপরাধ হিসেবে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। আইনের ধারা ২৫ এর উপধারা ১(খ) তে অপরাধ ও দণ্ড বিষয়ক নিম্নরূপ উল্লেখ রয়েছে-

“২৫। আক্রমণাত্মক, মিথ্যা বা ভীতি প্রদর্শক, তথ্য-উপাত্ত প্রেরণ, প্রকাশ, ইত্যাদি -

(১) যদি কোনো ব্যক্তি ওয়েবসাইট বা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে,

খ) রাষ্ট্রের ভাবমূর্তি বা সুনাম ক্ষুণ্ণ করিবার, বা বিভ্রান্তি ছড়াইবার, বা তদুদ্দেশ্যে অপপ্রচার বা মিথ্যা বলিয়া জ্ঞাত থাকা সত্ত্বেও, কোনো তথ্য সম্পূর্ণ বা আংশিক বিকৃত আকারে প্রকাশ, বা প্রচার করেন বা করিতে সহায়তা করেন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ”।

এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ এর ১৮.১ (খ) ও (গ) মোতাবেক কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬/১২/২৩

তপন কুমার দাস)

সহকারী পরিচালক(ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

৫

জনাব মোঃ আমিনুল হক

সহকারী অধ্যাপক (আইসিটি)

কাজী নজরুল ইসলাম কলেজ, যশোর সদর, যশোর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সভাপতি, গভর্নিং বডি, কাজী নজরুল ইসলাম কলেজ, যশোর সদর, যশোর (একই বিষয় ও একই সময়ের মধ্যে মতামত প্রদানের জন্য অনুরোধসহ);
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, EMIS সেল, মাউশি, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৩। অধ্যক্ষ, কাজী নজরুল ইসলাম কলেজ, যশোর সদর, যশোর (একই বিষয় ও একই সময়ের মধ্যে ব্যাখ্যামূলক জবাব প্রদানের অনুরোধসহ);
- ০৪। জেলা শিক্ষা অফিসার, যশোর (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানো নিশ্চিতকরণের অনুরোধসহ);
- ০৫। উপজেলা শিক্ষা অফিসার, যশোর সদর (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানো নিশ্চিতকরণের অনুরোধসহ);
- ০৬। সংরক্ষণ নথি।